দৈনিক [illegible]

তারিখ 27 FEB 2017
পৃষ্ঠা ২ ... 8

# কলেজে শিক্ষার উপযুক্ত পরিবেশ বজায় রাখার নির্দেশ শিক্ষামন্ত্রীর

## পরীক্ষাকেন্দ্রের পাশেই অধ্যক্ষ সম্মেলন, বিপাকে আয়োজকরা

নিজস্ব প্রতিবেদক ● সীমিত সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে কলেজগুলোতে শিক্ষার উপযুক্ত পরিবেশ বজায় রাখার নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। কলেজে শিক্ষার উন্নত পরিবেশ তৈরিতে অধ্যক্ষদের টিমলিডার হিসেবে কাজ করার তাগিদ দেন মন্ত্রী। রাজধানীর আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল অ্যান্ড কলেজ অডিটরিয়ামে গতকাল রোববার দিনব্যাপী সরকারি কলেজ অধ্যক্ষ সম্মেলন ও কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ সব কথা বলেন তিনি।

এদিকে, এসএসসি পরীক্ষাকেন্দ্রের পাশেই অধ্যক্ষ সম্মেলনের আয়োজন করে বিপাকে পড়েছে শিক্ষা প্রশাসন। এতে ভোগান্তি পোহাতে হয় কেন্দ্রে আসা পরীক্ষার্থীদের। মন্ত্রী বলেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশ যাতে বজায় থাকে, সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সুনির্দিষ্ট লক্ষ্য নিয়ে সরকার এগিয়ে যাচ্ছে। এ ক্ষেত্রে সরকারি কলেজগুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর্মশালায় একটি পর্বে বিভিন্ন কলেজে বিষয়ভিত্তিক শিক্ষক স্বল্পতা, শিক্ষকদের অপ্রতুল আবাসন সুবিধা, প্রশাসনিক-একাডেমিক ভবন ও ক্লাসরুম সংকটের কথাও অধ্যক্ষরা তুলে ধরেন।

শিক্ষামন্ত্রী বলেন, সব সরকারি কলেজের অবকাঠামো উন্নয়নের জন্য আলাদা প্রকল্প গ্রহণ করা হয়েছে। কলেজগুলোতে ছাত্রী হোস্টেল নির্মাণের জন্যও প্রকল্প নেওয়া হয়েছে। কলেজের উন্নয়ন ও অন্যান্য বিষয়ে প্রতিমাসে একটি প্রতিবেদন অধিদপ্তরে পাঠানোর জন্যও অধ্যক্ষদের নির্দেশ দেন তিনি।

শিক্ষকতা শুধু পেশা নয়, এটা পেশার চেয়েও বেশি উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষার্থীরা শিক্ষককে অনুসরণ করে। অনুকরণ করে। শিক্ষার্থীদের গড়ে তুলতে শিক্ষকের ভূমিকাই মুখ্য। চারপাশের জগৎ সম্পর্কে তাদের ধারণা দিতে হবে। শিক্ষকদের পাঠদানের দক্ষতা বাড়াতে হবে।